

জেলা

## সিরাজগঞ্জে এসএসসির উত্তরপত্র সরবরাহের অভিযোগে ১০ শিক্ষক গ্রেপ্তার

প্রতিনিধি সিরাজগঞ্জ

প্রকাশ: ০৮ মে ২০২৫, ১১: ৪৮



×

গ্রেপ্তার প্রতীকী ছবি

সিরাজগঞ্জের চৌহালী উপজেলায় এসএসসি পরীক্ষায় শিক্ষার্থীদের প্রশ্নপত্রের উত্তর তৈরি করে সরবরাহ করার  
অভিযোগে একটি কেন্দ্র থেকে ১০ জন শিক্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল বুধবার দুপুরে উপজেলার  
খাষকাটুলিয়া সিদ্দিকিয়া ফাজিল মাদ্রাসা কেন্দ্রে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) বিষয়ের নৈর্ব্যক্তিক পরীক্ষার  
সময় উত্তরপত্র সরবরাহ করা হয়।

গ্রেপ্তার ১০ জন হলেন, আকদাস হোসেন (৪০), রফিকুল ইসলাম (৫২), শরিফুল ইসলাম (৪৩), শফিকুল ইসলাম (৪৪), আবদুল বাতেন (৪৫), মো. আনোয়ার (৩৬), জাবের আলী (৪১), জাহাঙ্গীর আলম (৫১), মোস্তাক আহমেদ (৩৬) ও আবুল কালাম (৪১)।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, চৌহালী উপজেলার খাষকাটলিয়া সিদ্ধিকিয়া ফাজিল মাদ্রাসার রসায়ন শিক্ষক আকদাস হোসেন পরীক্ষার ‘ক’ সেটের নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর তৈরি করে কেন্দ্রের অন্যান্য কক্ষে সরবরাহ করেন। এরপর সেই উত্তরপত্র বিভিন্ন শিক্ষকের মাধ্যমে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়। ওই বিষয়ে অভিযোগ পেয়ে চৌহালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোস্তাফিজুর রহমান কেন্দ্র পরিদর্শনে ঘান। সেখানে অভিযোগের প্রমাণ পাওয়ায় কেন্দ্র কর্তৃপক্ষকে ব্যবস্থা নিতে নির্দেশ দেন। পরে কেন্দ্রের দায়িত্বে থাকা ১০ শিক্ষককে থানায় নিয়ে আসে পুলিশ।

চৌহালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাখাওয়াত হোসেন গতকাল রাতে প্রথম আলোকে বলেন, এ ঘটনায় কেন্দ্র সচিব মো. নুরজামান বাদী হয়ে থানায় একটি মামলা করেছেন। যমুনা নদী-অধ্যুষিত দুর্গম এলাকা হওয়ায় গ্রেপ্তারকৃত শিক্ষকদের আদালতে পাঠানো সম্ভব হয়নি। থানা হাজতে রাখা হয়েছে। আজ বৃহস্পতিবার তাঁদের আদালতে পাঠানো হবে।

‘ইউএনও মোস্তাফিজুর রহমান বলেন, ‘প্রধান অভিযুক্ত একজন শিক্ষক কেন্দ্রের কোনো দায়িত্ব ছিলেন না। তারপরও তিনি কেন্দ্রে এসে প্রশ্নের উত্তর তৈরি করে শিক্ষার্থীদের সরবরাহ করেছেন। অন্য শিক্ষকেরা এই কাজে সহায়তা করেছেন। বিষয়টি নজরে আসার পর তাৎক্ষণিক পদক্ষেপ নেওয়া হয়েছে।’